# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৩৮

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ শনিবার ও রবিবার সিয়াম রাখা মুস্তাহাব, কেননা এই দুই দিন আহলে কিতাবদের ঈদের দিন

ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ أَنْ يَصُومَ يَوْمَ السَّبْتِ وَالْأَحَدِ إِذْ هُمَا عِيدَانِ لِأَهْلِ الْكِتَابِ

আরবী

3638 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا حِبَّانُ بْنُ مُوسَى قَالَ: أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ قَالَ: أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ عُمَرَ بن عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ قَالَ: حَدَّثَنِي أَبِي عَنْ كُرَيْبٍ مَوْلَى ابْنِ عَبَّاسٍ قَالَ: أَرْسَلَنِي ابْنُ عَبَّاسٍ وَنَاسٌ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم إِلَى أُمِّ سَلَمَةَ زَوْجِ النَّبِيِّ صلى الله عليه وسلم أن أَسْأَلَهَا: أَيُّ الْأَيَّامِ كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم أَكْثَرُهَا صَوْمًا؟ فَقَالَتْ: يَوْمُ السَّبْتِ وَيَوْمُ الْأَحَدِ فَأَتَيْتُهُمْ فَأَخْبَرْتُهُمْ فَأَنْكَرُوا ذَلِكَ عَلَيَّ فظنُّوا أَنِّي لَمْ أَحفَظْ فردُّوني فَقَالَتْ مِثْلَ ذَلِكَ فَأَخْبَرْتُهم فَقَامُوا بِأَجْمَعِهِمْ فَقَالُوا: إِنَّا أَرْسَلْنَا إِلَيْكِ فِي كَذَا وَكَذَا فَزَعَمَ أَنَّكِ قُلْتِ كَذَا وَكَذَا فَقَالَتْ: صَدَقَ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَصُومُ يَوْمَ السَّبْتِ وَيَوْمَ الْأَحَدِ أَكْثَرَ مَا كَانَ يَصُومُ مِنَ الْأَيَّامِ وَيَقُولُ: (إِنَّهُمَا عِيدَانِ لِلْمُشْرِكِينَ فأُحِبُّ أَنْ أخالفهم)
الراوي : كُرَيْبٍ مَوْلَى ابْنِ عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3638 | خلاصة حكم المحدث: ضعيف ـ ((الضعيفة)) (1099).

বাংলা

৩৬৩৮. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমার আজাদকৃত দাস কুরাইব বলেন, “একবার আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কয়েকজন সাহাবী আমাকে উম্মু সালামাহ রাদ্বিয়াল্লাহু আনহার কাছে পাঠান এটা জিজ্ঞেস করার জন্য যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কোন কোন দিন সবচেয়ে বেশি সিয়াম রাখতেন?” উম্মু সালামাহ রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, “শনিবার ও রবিবার।” অতঃপর আমি তাদের কাছে গিয়ে বিষয়টি অবহিত করি। অতঃপর তারা যেন বিষয়টি অস্বীকার করলেন। তারা মনে করেন যে, আমি হয়তো তা আয়ত্ব করতে পারি নাই। ফলে তারা আমাকে আবার পাঠান। তিনি আমাকে আবার আগের

মতই জবাব দেন। অতঃপর আমি তাদেরকে সেটা অবহিত করি। তখন তারা সবাই তাঁর কাছে যাওয়ার উদ্দেশ্যে দাঁড়ান অতঃপর তারা তাকে বলেন, “আমরা আপনার কাছে এই ব্যক্তিকে এই এই বিষয়ে জানার জন্য পাঠিয়েছিলাম, এবং সে বলেছে যে, আপনি নাকি এমন এমন বলেছেন!” উম্মু সালামাহ রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, “সে সত্যই বলেছে। নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম শনিবার ও রবিবার বেশি সিয়াম রাখতেন এবং তিনি বলতেন, “এই দুটি দিন মুশরিকদের ঈদের দিন আর আমি তাদের বিপরীত করতে চাই।”[1]

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ২১৬৭; মুসনাদ আহমাদ: ৬/৩২৩-৩২৪; তাবারানী: ২৩/৬১৬; হাকিম: ১/৪৩৬; সুনান বাইহাকী: ৪/৩০৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (যঈফা: ১০৯৯)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92974

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন